





সেমিনারে বক্তব্য দেন উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন

## প্রিমিয়ার ইউনিভার্সিটির আইন বিভাগে সেমিনার

প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়া কেন্দ্রীয় অডিটোরিয়ামে প্রিমিয়ার ইউনিভার্সিটির আইন বিভাগের উদ্যোগে ও আইকিউএসির সহযোগিতায় 'পেশাগত নিরাপত্তা ও স্বাস্থ্য সুরক্ষা' শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে। ৯ ডিসেম্বর সকাল ৯টায় অনুষ্ঠিত সেমিনারে প্রধান অতিথি ছিলেন উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। আলোচক ছিলেন উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, চবি আইন অনুষদের ডিন প্রফেসর ড. আবদুল্লাহ আল ফারুক, কক্সবাজার জেলার নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-৩ এর জজ মোহাম্মদ আবু হান্নান এবং ঢাকাস্থ আইএলও'র বেটার ওয়ার্ক প্রোগ্রামের এন্টারপ্রাইজ এডভাইজার মো. মিনহাজুল ইসলাম। আইন বিভাগের চেয়ারপার্সন তানজিনা আলম চৌধুরীর সভাপতিত্বে সেমিনারে প্রবন্ধ উপস্থাপক ছিলেন বিভাগের সহকারী অধ্যাপক হিল্লোল সাহা। সেমিনার সঞ্চালনা করেন বিভাগের সহকারী অধ্যাপক তাহমিনা সানজিদা সাহীদ।

প্রবন্ধে কর্মস্থলে পেশাগত নিরাপত্তা ও স্বাস্থ্য সুরক্ষার জন্য বিভিন্ন করণীয় বিষয় উল্লেখ করা হয়; যেমন, কারখানা নির্মাণ ও বাস্তবায়নের সময় সর্বোচ্চ নিরাপত্তা মান এবং অভ্যন্তরীণ নিরাপত্তা পরিবেশের নিয়মকানুন বজায় রাখতে হবে এবং নিয়োগকারীদের অবশ্যই সমস্ত ওএসএইচ (অকুপেশনাল সেইফটি এন্ড হেলথ) ঝুঁকি চিহ্নিত করতে হবে এবং সমস্ত শ্রমিকের এই ধরনের ঝুঁকি এবং দুর্ঘটনার সম্ভাব্য কারণ প্রতিরোধ করতে হবে। সেইফটি কমিটি থাকতে হবে। শ্রমিকদের সংখ্যা অনুসারে ফাস্ট এইড বক্স, ডিসপেনসারি, মেডিকেল সেন্টার, কুলিং ওয়াটার, রেস্টরুম, পিপিই প্রভৃতির ব্যবস্থা থাকতে হবে। এছাড়া ইন্স্যুরেন্স স্কিম চালু করতে হবে। সেমিনারে আইন বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। বিজ্ঞপ্তি





suprabhat.com | esuprabhat.com | facebook.com/suprabhat

শ্রীটি শ্রদ্ধাও লোক মুগ্ধতাও

# সুপ্রভাত

সুপ্রভাত বাংলাদেশ | SUPROBHAT BANGLADESH



আবার পেঁয়াজের বাজার অস্থিতিশীল  
অসম্ম ব্যবসায়ীদের হাত থেকে কোনোভাবেই নিজের পাশে না  
দেখার মানস।

বিক্রান্ত • পৃষ্ঠা : ২



‘হয়রানিমুক্ত ব্যবসার  
পরিবেশ নিশ্চিত করুন’



৪ শ্রমিকরাই সৃষ্টি  
করে সম্পদ



আলিয়া আমার প্রথম  
স্ত্রী নয়: রণবীর কাপুর



প্রিমিয়ার ইউনিভার্সিটি আইন বিভাগের সেমিনারে বক্তব্য রাখছেন উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন

## শ্রমিকরাই সৃষ্টি করে সম্পদ

প্রিমিয়ার ইউনিভার্সিটির দামপাড়াস্থ কেন্দ্রীয় অডিটোরিয়ামে প্রিমিয়ার ইউনিভার্সিটির আইন বিভাগের উদ্যোগে ও আইকিউএসিআর সহযোগিতায় ‘পেশাগত নিরাপত্তা ও স্বাস্থ্য সুরক্ষা’ শীর্ষক সেমিনার অনুষ্ঠিত হয়েছে ৯ ডিসেম্বর। সেমিনারে প্রধান অতিথি ছিলেন আন্তর্জাতিক খ্যাতিসম্পন্ন সমাজবিজ্ঞানী, একুশে পদকপ্রাপ্ত শিক্ষাবিদ ও প্রিমিয়ার ইউনিভার্সিটির উপাচার্য প্রফেসর ড. অনুপম সেন। আলোচক ছিলেন প্রিমিয়ার ইউনিভার্সিটির উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের আইন অনুষদের ডিন প্রফেসর ড. আবদুল্লাহ আল ফারুক, কক্সবাজার জেলার নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-৩-এর জজ (ডিপ্লিট) জজ পদমর্যাদার) মোহাম্মদ আবু হান্নান এবং ঢাকাস্থ আইএলও-র বেটার ওয়ার্ক প্রোগ্রামের এন্টারপ্রাইজ

প্রিমিয়ার ইউনিভার্সিটি  
আইন বিভাগের সেমিনারে  
ড. অনুপম সেন

এডভাইজার মো. মিনহাজুল ইসলাম। আইন বিভাগের চেয়ারপার্সন তানজিনা আলম চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত সেমিনারে প্রবন্ধ উপস্থাপক ছিলেন বিভাগের সহকারী অধ্যাপক হিল্লোল সাহা। সেমিনার সঞ্চালনা করেন বিভাগের সহকারী অধ্যাপক তাহমিনা সানজিদা সাহিদ। প্রবন্ধে কর্মস্থলে পেশাগত নিরাপত্তা ও স্বাস্থ্য সুরক্ষার জন্য বিভিন্ন করণীয় বিষয় উল্লেখ করা হয়। প্রধান অতিথি বলেন, প্রবন্ধটি শুধু আইনের শিক্ষার্থীদের জন্য নয়, সমস্ত সমাজের জন্য। কুটিরশিল্প অনেক আগে থেকেই আছে। কিন্তু ইভাস্টি বলতে আজকে আমরা যা বুঝি, তার উদ্ভব অষ্টাদশ শতকে। ১৭৬০ দশকের মাঝামাঝি ইংল্যান্ডে প্রথম শিল্পবিপ্লব সংঘটিত হয়। ইংরেজরা ১৭৫৭ সালে এদেশ দখল করার পর মাত্র তিন

বছরের মধ্যে তৎকালীন ৫০০ কোটি পাউন্ডের সম্পদ ইংল্যান্ডে পাচার করে। এই বিশাল সম্পদ ও ক্যারিবিয় দ্বীপপুঞ্জ থেকে তাদের লুণ্ঠন করা সম্পদ দিয়েই প্রথম শিল্পবিপ্লব সংঘটিত হয়েছিল। তখনকার ইভাস্টি বা কারখানাগুলোতে পুরুষ ও নারী শ্রমিকরা দৈনিক ১২/১৪ ঘন্টা কাজ করতো। শিশুদেরকেও শ্রমিক হিসেবে ব্যবহার করা হতো, যা ছিল খুবই অমানবিক। পুরুষ, নারী ও শিশু শ্রমিকরা প্রচুর শ্রম দিয়েও তার প্রকৃত মূল্য পেত না। তিনি আরও বলেন, আধুনিককালে বিশ্বের প্রথম লিখিত সংবিধান রচনা করে তৎকালীন ১৩টি ব্রিটিশ কলোনি স্বাধীনতা পাওয়ার পর যুক্তরাষ্ট্র নামক রাষ্ট্রটি। এইসময়

যেহেতু তাদের ব্রিটিশদের বিরুদ্ধে স্বাধীনতা যুদ্ধে প্রত্যেক নাগরিককে অস্ত্র রাখার অধিকার দেওয়া হয়েছিল, এখনও সেই অধিকার সংবিধানে রাখার ফলে যে-কেউ

স্কুলে, কলেজে, রাস্তায় নিরীহ নাগরিক ও শিশুদের হত্যা করে; মানুষকে তার বাচার অধিকার থেকে বঞ্চিত করে। এটি কি মানবাধিকারের চরম লংঘন নয়? তিনি উল্লেখ করেন, বিশ্ব চলে সম্পদের উপর ভিত্তি করে। শ্রমিকরাই এই সম্পদ সৃষ্টি করে থাকে। উপ-উপাচার্য প্রফেসর ড. কাজী শামীম সুলতানা বলেন, বিশ্বে প্রতি বছর কয়েক কোটি মানুষ পেশাগত অসুস্থতা ও নিরাপত্তাজনিত সমস্যায় ভুগে থাকে। এটা শুধু শ্রমিকের ব্যক্তিগত ক্ষতি নয়, ইভাস্টির ক্ষতি, দেশেরও ক্ষতি। প্রফেসর আবদুল্লাহ আল ফারুক বলেন, ওএসএইচ (অকপেশনাল সেইফটি এন্ড হেলথ) বিশ্বে আলোচিত একটি বিষয়। সেমিনারে আইন বিভাগের শিক্ষক ও শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন। বিজ্ঞপ্তি